গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.২৮.০০৪.১৪.৬৪৭

তারিখ ঃ ১১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২৫ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োজিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের (সার্বক্ষণিক বিচারিক দায়িত্বে নিয়োজিত নন এরূপ) সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ ব্যতিরেকে বিদেশ গমন সংক্রান্ত।

সূত্রঃ ১। স্মারক নং-৪১৭৫ এ, তারিখঃ- ২২ মে ২০১৭ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

২। নং-১০.০০.০০০০.১২৯.২৮.০০৪.১৪-৫৯৮, তারিখঃ- ১৬ মে, ২০১৭ খ্রিঃ, বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৩। সার্কুলার নং ১১/২০১৭ এ, তারিখঃ- ০৯ মে ২০১৭ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

৪। স্মারক নং ১জে-৫১৫-১২০৪ এ, তারিখঃ- ১৪ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

৫। নং-১০.০০.০০০০.১২৯.২৮.০০৪.১৪-৪৮৩, তারিখঃ- ১১ এপ্রিল, ২০১৬ খ্রিঃ, বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৬। স্মারক নং- ১জে-৫৯/০২ (অংশ-৪)-৩৬৮৯ এ, তারিখঃ- ৩০ এপ্রিল, ২০১৭ খ্রিঃ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্র সমূহের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্তৃক ১ নং সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের (প্রেষণে বা অন্যবিধভাবে কর্মরত সদস্যগণসহ) জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের জারিকৃত সার্কুলার নম্বর-১১/২০১৭ এ, তারিখঃ ০৯ মে ২০১৭ খ্রিঃ অনুসরণ করা বাধ্যতামূলক উল্লেখপূর্বক প্রেষণে নিয়োজিত ১৭ (সতের) জন কর্মকর্তাকে বিদেশ গমন না করার জন্য নির্দেশনা প্রদান করেছেন এবং তারা উক্তরুপ বিদেশ গমন করলে সার্কুলারে প্রদত্ত আদেশ লঙ্ঘনের জন্য সকলে বিভাগীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন মর্মে বলা হয়েছে।

২। আইন ও বিচার বিভাগ কর্তৃক পূর্ববর্ণিত ৪ নং সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ৫ নং সূত্রোক্ত স্মারকমূলে মহামান্য রাষ্ট্রপতির অনুশাসন জারি করা হয়। মহামান্য রাষ্ট্রপতির অনুশাসন অনুযায়ী প্রেষণে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের (বিচারিক দায়িত্বে নিয়োজিত নয় এমন) বিদেশ গমনের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণের কোন আবশ্যকতা নেই। ফলে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক ১ নং সূত্রে বর্ণিত স্মারকমূলে জারিকৃত পত্র সম্পূর্ণরুপে অকার্যকর এবং প্রেষণে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের (বিচারিক দায়িত্বে নিয়োজিত নয় এমন) উপর প্রযোজ্য নয়।

৩। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের জন্য সংরক্ষিত পদে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সার্ভিসের সদস্যদেরকে প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগ করেন। এছাড়া অন্য কোন মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয় বা নির্বাচন কমিশন সচিবালয়ে, অন্য কোন কর্তৃপক্ষের অফিসে প্রয়োজনবোধে উপযুক্ত

কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সার্ভিসের সদস্যদেরকে প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগ করেন। প্রেষণে নিযুক্ত থাকাকালে উক্ত সদস্যগণের বিরুদ্ধে কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরিস্থিতি বর্ণনা করে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করবে এবং উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪। উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ মহামান্য রাষ্ট্রপতি বা মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদ অনুসারে প্রণীত Rules of Business এর আওতায় সার্ভিস প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ হিসেবে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ।

৫। এমতাবস্থায়, প্রেষণে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাদের বিদেশ গমনের ক্ষেত্রে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জারিকৃত অনুশাসন পূর্বাপর বলবৎ থাকায় এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বিদেশ গমনের পত্র জারি হওয়ায়, ১নং সূত্রে উল্লেখিত পত্রে বর্ণিত কর্মকর্তাগণ সহ প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সুপ্রীম কোর্টের পরামর্শ ব্যতীত বিদেশ গমন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক তাদের দাপ্তরিকভাবে অবমুক্ত হওয়ার ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা নেই এবং অনুরূপ বিদেশ গমনের ক্ষেত্রে বিভাগীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ আনয়ন করারও কোন সুযোগ নেই।

৬। এ বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বাঃ

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৭৭৪২০
E-mail: section5@lawjusticediv.gov.bd

**রেজিস্ট্রার জেনারেল**
**বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।**

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. জনাব মোঃ আলী আকবর, সচিব (জেলা জজ), আইন কমিশন, ঢাকা।
০২. জনাব ফউজুল আজিম, মুখ্য গবেষণা কর্মকর্তা (জেলা জজ), আইন কমিশন, ঢাকা।
০৩. জনাব বিকাশ কুমার সাহা, যুগ্ম-সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪. জনাব এ, এইচ, এম, হাবিবুর রহমান ভূঁইয়া, যুগ্ম-সচিব, আইন ও বিচার বিভাগ।
০৫. জনাব শেখ হুমায়ুন কবীর, উপ-সচিব, আইন ও বিচার বিভাগ।
০৬. জনাব আবুল হাসনাত মোঃ আবদুল ওয়াদুদ, পরিচালক (অতিরিক্ত জেলা জজ), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
০৭. জনাব হাসানুল ইসলাম, পরিচালক (অতিরিক্ত জেলা জজ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
০৮. জনাব মোঃ রবিউজ্জামান, উপ-সচিব, আইন ও বিচার বিভাগ।

০৯. জনাব মোহাম্মদ মোরশেদ ইমতিয়াজ, উপ-সলিসিটর, আইন ও বিচার বিভাগ।

১০. জনাব কেশব রায় চৌধুরী, ডেপুটি রেজিস্ট্রার (যুগ্ম জেলা জজ), আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।

১১. জনাব এফ, এম, আহসানুল হক, উপপরিচালক (যুগ্ম জেলা জজ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।

১২. জনাব ফাতেমা জাহান স্বর্না, অনুবাদ কর্মকর্তা (যুগ্ম জেলা জজ), আইন কমিশন, ঢাকা।

১৩. জনাব রেজাউল করিম, সিনিয়র সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ।

১৪. জনাব মোঃ নুরুল আলম সিদ্দীক, সিনিয়র সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ।

১৫. জনাব ইয়াসমিন বেগম, রেজিস্ট্রার (সিনিয়র সহকারী জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

১৬. জনাব কাজী মুশফিক মাহবুব রবিন, সিনিয়র সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ।

১৭. জনাব মোঃ আক্তারুজ্জামান, সহকারী পরিচালক (সহকারী জজ), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।

নং-১০.০০.০০০০. ১২৯.২৮.০০৪.১৪.৬৪৭

তারিখ ঃ ১১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২৫ মে ২০১৭ খ্রিস্টাব্দ

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মহা-পরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা (মনোনীত কর্মকর্তাকে বিদেশ গমনের লক্ষ্যে দাপ্তরিকভাবে অবমুক্ত করার অনুরোধ করা হলো)।

২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

৬. সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মনোনীত কর্মকর্তাকে বিদেশ গমনের লক্ষ্যে দাপ্তরিকভাবে অবমুক্ত করার অনুরোধ করা হলো)।

৭. সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

৮. সচিব, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়, ঢাকা।

৯. জেলা ও দায়রা জজ.....................................................................................(সকল)

১০. মহানগর দায়রা জজ...................................................................................(সকল)

১১. মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

১২. বিভাগীয় বিশেষ জজ...................................................................................(সকল)

১৩. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল................................(সকল)

১৪. বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল.......................(সকল)

১৫. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..................................................(সকল)

১৬. সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

১৭. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল..........................................................(সকল)

১৮. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

১৯.চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত.............................................................(সকল)

২০. সদস্য (জেলা জজ), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল.......................(সকল)

২১.বিশেষ জজ.............................................................................................(সকল)

২২. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।

২৩. চেয়ারম্যান (জেলা জজ), প্রথম/দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, ঢাকা।

২৪. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।

২৫. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

২৬. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।

২৭. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।

২৮. সদস্য (জেলা জজ), ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫ , ঢাকা।

২৯. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা (মনোনীত কর্মকর্তাকে বিদেশ গমনের লক্ষ্যে দাপ্তরিকভাবে অবমুক্ত করার অনুরোধ করা হলো)।

৩০. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।

৩১. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা (মনোনীত কর্মকর্তাকে বিদেশ গমনের লক্ষ্যে দাপ্তরিকভাবে অবমুক্ত করার অনুরোধ করা হলো)।

৩২. সচিব, আইন কমিশন, ঢাকা (মনোনীত কর্মকর্তাগণকে বিদেশ গমনের লক্ষ্যে দাপ্তরিকভাবে অবমুক্ত করার অনুরোধ করা হলো)।

৩৩. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।

৩৪. আইন উপদেষ্টা, কাস্টমস হাউজ, চট্টগ্রাম।

৩৫. উপ-সচিব (লিগ্যাল), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

৩৬. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।

৩৭. আইন কর্মকর্তা, পুলিশ হেড কোয়ার্টাস, ঢাকা/ আইন কর্মকর্তা, বিজিবি, ঢাকা/ আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৩৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.......................................................................(সকল)

৩৯. চীফ মেট্রোপিলিটন ম্যাজিস্ট্রেট ...................................................................(সকল)

৪০. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪১. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা (মনোনীত কর্মকর্তাকে বিদেশ গমনের লক্ষ্যে দাপ্তরিকভাবে অবমুক্ত করার অনুরোধ করা হলো)।

৪২. রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।

৪৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৫.০৫.২০১৭

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)